

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/মাপ্রসবিকা/কমিঃসভা/২/(অংশ-১)/২০০৮-১৬১

তারিখ : ৩১ ভাদ্র ১৪১৬
১৫ সেপ্টেম্বর ২০০৯

প্রজ্ঞাপন

সরকার দেশের বালু মহাল ইজারা নিয়ে সৃষ্ট জটিলতা নিরসন, আইন-শৃঙ্খলা রক্ষা, বালু মহাল ইজারার একক কর্তৃপক্ষ নির্ধারণ এবং রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে সংশ্লিষ্ট আইন, বিধি/বিধান সংশোধনের প্রস্তাবনাসহ প্রতিবেদন দাখিলের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি গঠন করলো :

১।	সচিব, ভূমি মন্ত্রণালয়	আহবায়ক
২।	সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
৩।	সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়	সদস্য
৪।	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
৫।	সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়	সদস্য
৬।	সচিব, সড়ক ও রেলপথ বিভাগ	সদস্য
৭।	অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	সদস্য
৮।	যুগ্মসচিব (সংশ্লিষ্ট), ভূমি মন্ত্রণালয়	সদস্য সচিব

২। উপরোক্ত কমিটির কার্যপরিধি নিম্নরূপ হবে :

- (ক) কমিটিকে বালুমহাল ইজারার একক কর্তৃপক্ষ নির্ধারণপূর্বক উক্ত কর্তৃপক্ষ কর্তৃক বালুমহাল ইজারার জন্য সংশোধিতব্য আইন, বিধির খসড়া প্রস্তুত করতে হবে।
- (খ) কমিটিকে The Mines & Minerals Rules, 1968 এবং খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এর আওতায় বালু পাথর ইত্যাদির সংজ্ঞা পুনঃনির্ধারণের প্রয়োজনীয়তা খতিয়ে দেখে সেই মোতাবেক আইনের সংশ্লিষ্টধারা সংশোধনের প্রস্তাব দাখিল করতে হবে।
- (গ) বালি পাথর ইজারার কারণে ইচ্ছাকৃত বা যোগসাজশে সরকারি রাজস্ব ক্ষতিকারী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তির বিধানের প্রস্তাব রাখা যেতে পারে।
- (ঘ) কমিটি প্রয়োজন বোধে যে কোন ব্যক্তিকে কো-অপট করতে পারবে।
- (ঙ) কমিটিকে প্রথম সভার ৩ মাসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
এম আবদুল আজিজ এনডিসি
মন্ত্রিপরিষদ সচিব

নং-মপবি/মাপ্রসবিকা/কমিঃসভা/২/(অংশ-১)/ ২০০৮-১৬১/১(১২)

তারিখ : ৩১ ভাদ্র ১৪১৬
১৫ সেপ্টেম্বর ২০০৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ১। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, সড়ক ও রেলপথ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৮। যুগ্মসচিব (কমিটি ও উন্নয়ন/জেলা ও মাঠ প্রশাসন/মন্ত্রিসভা ও রিপোর্ট/প্রশাসন ও বিধি), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৯। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। তাঁকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা হিসেবে মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল।

(মালিহা নাগিস)

উপসচিব (মাপ্রসবিকা)

ফোন : ৯৫৫১১০৭

